



ডিন অফিস  
বিজ্ঞান অনুষদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919  
PABX : 9661900-72/4344, 4345  
E-mail : deanasc@du.ac.bd

নং- বি: অনু:/ /২০১৭-২০১৮

তারিখ : ০৫ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ  
২১ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ

বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮

বি.এস.সি (পাস) কোর্সে ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী ৭টি কলেজের বিজ্ঞান ইউনিটে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের বি.এস.সি (পাস) কোর্সে ভর্তিচ্ছুক প্রার্থীদের মূল গ্রেডশীটসমূহ আগামী ১১, ১২ এবং ১৩ মার্চ ২০১৮ তারিখ সকাল ১০:০০টা হইতে বিকাল ৪:০০টা পর্যন্ত বিজ্ঞান অনুষদের ডিনের অফিসে জমা নেয়া হবে এবং ভর্তির ফি জমাদানের জন্য পে-ইন-স্লিপ ডিন অফিস থেকে সরবরাহ করা হবে।

পে-ইন-স্লিপে উল্লেখিত নির্ধারিত ফি ১৫/০৩/২০১৮ তারিখের মধ্যে দেশের রাষ্ট্রায়াত্ব সোনালী ব্যাংক লি:- এর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ব্যতীত যেকোনো অনলাইন শাখায় জমা দিতে হবে। অতঃপর (ক) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, (খ) ফিস জমাদানের পে-ইন-স্লিপ, (গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, (ঘ) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সেই প্রতিষ্ঠান প্রধানের প্রসংশাপত্রের ফটোকপি, (ঙ) এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার গ্রেডশীটের ফটোকপি সংশ্লিষ্ট কলেজে জমা দিয়ে ১৫/০৩/২০১৮ তারিখের মধ্যে নিজ দায়িত্বে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ  
ডিন, বিজ্ঞান অনুষদ এবং  
সমন্বয়কারী, বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮  
ঢাকা বিশ্ববিদ্যালয়